



ইসরায়েলি হামলা বন্ধ না হলে মানবিক বিপর্যয় বাড়বে: স্পেনের প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ ও ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস মাদ্রিদে বৈঠকে গাজার পূর্ণাঙ্গ যুদ্ধবিরতি, ইসরায়েলি আগ্রাসন বন্ধ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের সক্রিয় হস্তক্ষেপের আহ্বান জানিয়েছেন। সানচেজ চলমান গণহত্যার নিন্দা জানিয়ে জড়িতদের বিচারের আওতায় আনার দাবি তোলেন। ভবিষ্যৎ শাসনকাঠামো গঠনে ফিলিস্তিনকে সহযোগিতার আশ্বাস দেন তিনি।

মাদ্রিদে অনুষ্ঠিত বুধবারের বৈঠকে গাজার বর্তমান পরিস্থিতিতে “মানবিক বিপর্যয়” বলে আখ্যায়িত করেন স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। তিনি বলেন, উপত্যকায় চলমান যুদ্ধবিরতি হতে হবে সত্যিকারের ও কার্যকর—কোনোভাবেই ‘কাল্পনিক বা কাণ্ডজে’ নয়। ফিলিস্তিনে সাম্প্রতিক হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানিয়ে তিনি হামলাকারীদের জবাবদিহির আওতায় আনার আহ্বান জানান।

ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস স্পেনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, ২০২৪ সালের মে মাসে ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিয়ে মাদ্রিদ যে অবস্থান নিয়েছে, তা ন্যায়বিচারের পক্ষে আন্তর্জাতিক অঙ্গনে গুরুত্বপূর্ণ বার্তা দিয়েছে। তিনি আরও উল্লেখ করেন, ফিলিস্তিনকে স্বীকৃতি দিতে বিশ্বব্যাপী জোট গঠনে স্পেনের নেতৃত্ব প্রশংসার যোগ্য।

আলোচনায় দুই নেতা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি জরুরি উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। পাশাপাশি ভবিষ্যৎ শাসনকাঠামো নির্ধারণ ও পুনর্গঠনের পথে ফিলিস্তিনি কর্তৃপক্ষকে সব ধরনের সহায়তার আশ্বাস দেন স্পেনের প্রধানমন্ত্রী।